মেহেরপুরের আমঝুপিতে লিংকেজ শেয়ারিং সভা

প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ও সরকারি সেবার সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে মেহেরপুরের আমঝুপিতে লিংকেজ শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৫ ফেব্রুয়ারি) সকাল ১০টায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে এবং এএলআরডি’র সহযোগিতায় মউকের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা উপসহকারী কৃষি কর্মকর্তা এস.এম আবু সালেহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউকের সালিশ প্রোগ্রামের প্রোগ্রাম অফিসার মোঃ গোলাম আম্বিয়া।

সভায় বক্তারা সরকারি সেবা প্রাপ্তির ক্ষেত্রে নারীদের বঞ্চিত হওয়ার বিষয়টি তুলে ধরেন। মোছাঃ তাসলিমা খাতুন, সাবিত্রী দাস ও মোছাঃ সাহেরা খাতুনসহ উপস্থিত অনেকে তাদের অভিজ্ঞতা ভাগ করেন। এছাড়া গ্রামীণ পর্যায়ে প্রান্তিক নারীদের উৎপাদনমুখী উন্নয়নের বিষয়ে আলোচনা হয়।

সভায় আমঝুপি ও বারাদী ইউনিয়নের ৩২ জন প্রান্তিক কৃষক অংশ নেন। সভার সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।

মেহেরপুরে তুচ্ছ ঘটনায় দু’গ্রামবাসীর সংঘর্ষে যুবক

নিহত

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে দু’পক্ষের মধ্যে সংঘর্ষে হৃদয় হোসেন
(২২) নামের এক যুবক নিহত হয়েছে। পুড়ে গেছে একটি মোটরসাইকেল ওয়ার্কসপ। সেখানে থাকা কয়েকটি মোটরসাইকেল ভষ্মিভুত হয়েছে। এঘটনায় পুলিশের অবেহলাকে দায়ী করছেন এলাকাবাসী।

আজ বুধবার সকাল ১১ টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার রামনগর গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে। নিহত হৃদয় হোসেন একই উপজেলার চরগোয়াল গ্রামের সাহাদত আলীর ছেলে।

স্থানীয়রা জানান, রামনগর গ্রামের মিরা ইসলাম একটি নতুন ট্রাক্টর কিনেছেন। তার ছেলে ট্রাকটর নিয়ে চরগোয়াল গ্রামে যায়। এসময় ট্রাক্টরের ধাক্কায় চরগোয়াল গ্রামের একটি ঈদগাহের গেট ভেঙ্গে যায়। ঈদগাহের গেট ভেঙে যাওয়ায় ওই গ্রামের লোকজন ট্রাক্টরের চাবি নিয়ে নেয়। এসময় রামনগর গ্রামের জান্নাত মোটররসাইকেল ওয়ার্কসপে বসে বিষয়টি মিমাংসা করার চেষ্টা করে। এসময় উভয় পক্ষের মধ্যে তর্কবিতর্কের এক পযার্য়ে তুমুল সংঘর্ষ বেঁধে যায়। এতে হৃদয় হোসেন মাথায় লাঠির আঘাত লাগলে সে মাটিতে লুটিয়ে পড়ে। তাকে উদ্ধার করে বামন্দিতে একটি বেসরকারি ক্লিনিকে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এদিকে, হৃদয় হোসেনের মৃত্যুর খবর চরগোয়াল গ্রামে পৌছালে বিক্ষুব্ধ গ্রামবাসী রামনগরের গিয়ে জান্নাতের মোটরসাইকেল ওয়ার্কসপে ভাংচুর, লটুপাট ও অগ্নিসংযোগ করেন। এতে কয়েকটি মোটরসাইকেলসহ পুরো দো্কান পুড়ে ভষ্মিভুত হয়।

তবে চরগোয়াল গ্রামের জাহিদুল ইসলাম নামের এক ব্যক্তি অভিযোগ করে বলেন, জান্নাতের ওয়ার্কসপে বসে মিমাংসার কথাবার্তা হচ্ছিল। এসময় জান্নাত বলে আমার দোকানে কি বলে হাতুড়ি দিয়ে এলোপাতাড়ি মারপিট শুরু করে। তার হাতুড়ির আঘাতে হৃদয়ের মৃত্যু হয়েছে।

তিনি আরও অভিযোগ করেন, ঘটনার শুরুতে খায়রুল নামের এক দারোগাকে ফোন করি। তিনি আসছি আসছি বলে না আসায় এ ঘটনা ঘটেছে। তিনি আসলে হয়তো বড় ধরণের ঘটনা ঘটতো না।

খবর পেয়ে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম, গাংনী থানার ওসি বানি ইসরাইলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। বর্তমানে এলাকায় থমথমে অবস্থা

বিরাজ করছে।

গাংনী থানার ওসি বানি ইসরাইল বলেন, ঘটনাস্থলে আছি। তদন্ত চলছে।

মুজিবনগর সীমান্তে এক রোহিঙ্গাসহ ১৫ জন পুশব্যাক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার সোনাপুর মাঝপাড়া সীমান্ত দিয়ে এক রোহিঙ্গহাসহ ১৫ জনকে পুশ ব্যাক করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

বুধবার ভোরে তাদের মুজিবনগর সীমান্ত এলাকা থেকে পুশব্যাক করা হয়।

জানা যায়, তারা বিভিন্ন সময়ে বাংলাদেশের বিভিন্ন সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করে এ সময় ভারতীয় পুলিশ তাদেরকে আটক করে। অবৈধ ভাবে ভারতে প্রবেশের দায়ে বিভিন্ন মেয়াদে সাজা হয় তাদের। ভারতের পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার বহরমপুর কারাগারে জেল খাটার পর বুধবার রাতে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ রাতের অন্ধকারে কাঁটাতার পার করে তাদেরকে বাংলাদেশের অভ্যন্তরে ঠেলে দেয়।

পার হয়ে আসা ব্যক্তিরা হল পাবনা জেলার চাটমোহর থানার বিশ্বনাথপুর গ্রামের জগতবন্ধু হালদার এর ছেলে শিবাস হালদার (৫০) এবং ছেলে হরিদাস হালদার (২৪), চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর থানার হরিশপুর গ্রামের শাহলাল ইসলামের ছেলে সিরাজুল ইসলাম (২০), চাঁপাইনবাবগঞ্জ জেলার নরেন্দ্রপুর থানার আব্দুর রউফ এর ছেলে আক্কাস আলী (২৮), রাজশাহী জেলার গোদাগাড়ী থানার সারেংপুর গ্রামের নুর ইসলামের ছেলে শাহিন আলী (২৭), চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর থানার নরেন্দ্রপুর গ্রামের সাইদুর আলীর ছেলে কাজীব আলী (২৩), চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর থানার হরিশপুর গ্রামের বদর আলীর ছেলে আব্দুল্লাহ (২৭), পিরোজপুর জেলার ইন্দুরকানি থানার বালিয়াপাড়া গ্রামের ইসাহাক সিপাই এর ছেলে আজিল সিপাই (৪৫), মায়ানমারের

বুতিডং জেলার থাং বাজার থানার মাঝিরপাড়া গ্রামের বাসিন্দা ও কক্সবাজার উখিয়া রোহিঙ্গা ১৬ নং ক্যাম্পের এইস ৩ ব্লকের বাসিন্দা আবুল পয়াস এর ছেলে রিয়াজ (২৪)সহ ১৫ জন।

পুশব্যাক হওয়া ব্যক্তিরা জানান, গতকাল মঙ্গলবার দিবাগত মধ্যরাতে বিএসএফ তাদের ১৫ জনকে কাঁটাতার পার করে দিয়ে বাংলাদেশের দিকে ঠেলে দেয়। তাদের কথাবার্তার মাধ্যমে জানা যায় তাদেরকে ভারতের হৃদয়পুর এবং বাংলাদেশের মুজিবনগর উপজেলার সোনাপুর সীমান্ত বর্ডার দিয়ে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ কাঁটা তার পার করে তাদেরকে বাংলাদেশের দিকে পাঠিয়ে দেয়।

সীমান্ত পার হয়ে এসে তারা মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারের বিভিন্ন জায়গায় অবস্থান করে। পরে সকালে তারা বিভিন্ন পরিবহনের মাধ্যমে নিজ নিজ গন্তব্যের উদ্দেশ্যে চলে যায়।

দলের বিরুদ্ধে কাজ করলে ছিটকে পড়বেন

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার উপদেষ্টা পরিষদের সদস্য খুলনা বিভাগের সমন্বয়ক, ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান বলেন, সামনে নির্বাচন। দলে নেতৃত্বের প্রতিদ্বন্দ্বীতা থাকবে। কিন্তু কেউ দলের বিরুদ্ধে কাজ করবেন না। দলের বিরুদ্ধে কাজ করলে ছিটকে পড়বেন। ঐক্যর কোনো বিকল্প নেই। তাই ঐক্য এবং ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

তিনি বলেন, বাংলাদেশে যখনই কোন সঙ্কট এসেছে তখনই জিয়া পরিবার সামনে এসেছে। ১৯৭১ সালে মানুষ যখন দ্বিকবিদিক ছোটাছুটি করছে ঠিক তখন কালুর ঘাট বেতার কেন্দ্র থেকে শহীদ জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন। আমরা পেয়েছিলাম স্বাধীনতা।
গতকাল মঙ্গলবার বিকেলে মেহেরপুর সরকারি কলেজ ফুটবল মাঠে আয়োজিত জনসভায় তিনি এ কথা বলেন।

নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি সহনীয় পর্যায়ে রাখা

অবনতিশীল আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি দ্রত গণতান্ত্রিক যাত্রাপথে উত্তরণের জন্য নির্বাচনী রোডম্যাপ ঘোষণা এবং রাষ্ট্রে পতিত ফ্যাসিবাদের নানা চক্রান্তের অপচেষ্টা মোকাবেলাসহ বিভিন্ন দাবিতে বিএনপির এ জনসভা অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন এই জনসভায় সভাপতিত্ব করেন।

প্রধান অতিথির বক্তব্যে ডাকসুর এই নেতা আরও বলেন, শেখ মুজিব মানুষের কথা বলার অধিকার কেড়ে নিয়েছিলেন। মানুষের কথা বলার অধিকার ছিল না। চারটি সংবাদপত্র রেখে বাকী সব সংবাদপত্র বন্ধ করে দিয়েছেন।

সেসময় প্রেসিডেন্ট জিয়াউর রহমান ক্ষমতায় এসে সব সংবাদপত্র খুলে দিয়েছেন, সব রাজনৈতিক দলকে রাজনীতি করার সুযোগ দিয়ে বহুদলীয় গণতন্ত্র প্রবর্তন করেন।

খালেদা জিয়া ক্ষমতায় এসে সংসদে বীল পাশ করে সংসদীয় গণতন্ত্র এনেছেন। তত্বাবধায়ক সরকার ব্যবস্থা চালু করেছেন। তিন তিনটা ভোট সেই তত্বাবধায়ক ব্যবস্থায় হয়েছে।

স্বৈরাচার শেখ হাসিনা ক্ষমতায় এসে তত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করে মানুষের ভোটাধিকার কেড়ে নিয়েছিলেন। পুলিশ প্রশাসন দিয়ে দিনের ভোট রাতে কেটেছেন।

খালেদা জিয়া দীর্ঘ ৯ বছর স্বৈরাচার এরশাদের বিরুদ্ধে আন্দোলন করে তাকে ক্ষমতা থেকে নামিয়েছেন আর তারেক রহমান দীর্ঘ ১৬ বছর আন্দোলনের নেতৃত্ব দিয়ে স্বেরাচার হাসিনাকে বিদায় করেছেন।

তিনি বলেন, বিএনপি নেতা ইলিয়াছ, চৌধুরী আলম, সুমনকে গুম করা হয়েছে। হাজার হাজার বিএনপি ছাত্র দল, যুবদলের নেতাকর্মীকে হত্যা ও সর্বশেষ জুলাই আগষ্টের ছাত্র জনতার রক্তের বিনিময়ে আমরা নতুন বাংলাদেশ পেলাম। আগামীতে নির্বাচন হবে। সেই নির্বাচনে বিএনপি সরকার গঠন করবে।

তিনি বলেন বিএনপি ক্ষমতায় এলে বাংলাদেশ স্বনির্ভর হয়। শহীদ জিয়া ও খালেদা জিয়া এদেশকে স্বনির্ভর করেছেন। আগামীতে তারেক রহমান দেশকে স্বনির্ভর করবেন।

নেতাকর্মীদের হুশিয়ারি দিয়ে আমান বলেন, দলে নেতৃত্বের প্রতিদ্বন্দ্বীতা থাকবে। কিন্তু কেউ দলের বিরুদ্ধে কাজ করবেন না।

দলের বিরুদ্ধে কাজ করলে ছিটকে যাবেন। ঐক্যর কোনো বিকল্প নেই। তাই ঐক্য এবং ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, স্বৈরাচার হাসিনা সরকার বিগত দিনে খালেদা জিয়ার বিরুদ্ধে মিথ্যা মামলা ও মিথ্যা সাজা দিয়ে ৬ বছর কারাগারে রেখেছিল। তাকে স্লো পয়জন দিয়ে অসুস্থ করে রেখেছিল। ডাক্তার বারবার বিদেশে পাঠিয়ে চিকিৎসা করানোর কথা বললেও সেটা করা হয়নি। অথচ, আওয়ামী লীগের সান্ডা, পান্ডা, চেয়ারম্যান মেম্বর পর্যন্ত বিদেশে গিয়ে চিকিৎসা করিয়েছেন।

বলেছিলো শেখ মুজিবের বেটি পালায় না, তার একদিন পরে গোষ্টীসহ পালিয়ে গেল। বেগম খালেদা জিয়া ৯ বছর স্বৈরাচার বিরোধী আন্দোলন করে গণতন্ত্র পুনুরদ্ধার করেছিলো। তিনি বলেন, বিএনপি ক্ষমতায় আসলে বাংলাদেশ স্বর্নিভর হয়।

নেতৃত্বে বিরোধ থাকবে দলের বিরুদ্ধে কাজ করা যাবে না, দলের বিরুদ্ধে কাজ করলে ছিটকে পড়বেন। তারেক রহমানের নেতৃত্বে ঐক্যব্দ হয়ে কাজ করতে হবে।

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড.কামরুল হাসানের সঞ্চালনায় অতিথির বক্তব্য রাখনে মেহেরপুর জেলা বিএনপির সদস্য ও সাবেক এমপি মাসুদ অরুন ও আমজাদ হোসেন।

এছাড়া অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, জাহাঙ্গীর বিশ্বাস, ফয়েজ মোহাম্মদ, বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকির হোসেন, জেলা বিএনপির সদস্য ইলিয়াছ হোসেন, আনসারুল হক, হাফিজুর রহমান হাফি, আলমগীর খান ছাতু, ওমর ফারুক লিটন, মোহাম্মদ আব্দুল্লাহ, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, সাধারণ সম্পাদক কাওছার আলী।

এর আগে দুপুর থেকেই জেলা উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতাকর্মীরা ব্যানার ফ্যাস্টুন হাতে খন্ড খন্ড মিছিল নিয়ে মেহেরপুর সরকারি কলেজ মাঠের এই জনসভায় জড়ো হতে থাকেন।

জনসভার শুরুতেই পিলখানায় হত্যাকান্ডে নিহত সেনা সদস্যদের স্বরণে ২৫ ফেব্রুয়ারী জাতীয় সেনাশোক দিবস উপলক্ষে সভাস্থলে দোওয়া ও

মোনাজাত করা হয়।

মেহেরপুরের রাইপুর সঃপ্রাঃ বিদ্যালয়ে মা সমাবেশ

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, প্রাথমিক বিদ্যালয়ের মানোন্নয়ন, বিদ্যালয়ে অনিয়মিত ও ঝরেপড়া রোধে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের রাইপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গতকাল মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) মা সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মফিজুর রহমানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিক্ষক সমিতির সভাপতি মোঃ আসাদুল হক। বিশেষ অতিথি ছিলেন পিটিএ কমিটির সভাপতি হাসানুজ্জামান। এছাড়া অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়াচ গ্রুপের সদস্য মোঃ আয়ুব আলী ও কাবুল আলী।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। তিনি বলেন, “প্রাথমিক শিক্ষা একটি শিশুর সুদীর্ঘ পথ-পরিক্রমার প্রারম্ভিক ধাপ। শিশুর নতুন শিখনজগতে প্রবেশের এই পথচলাকে সহজ ও কার্যকর করতে মায়ের সচেতনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।”

বিশেষ অতিথির বক্তব্যে বলা হয়, “নেপোলিয়ন বলেছেন, ‘আমাকে একজন শিক্ষিত মা দাও, আমি একটি শিক্ষিত জাতি গড়ে তুলব।’ তাই সন্তানের ভবিষ্যৎ গঠনে মায়ের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ।”

অনুষ্ঠানে শিক্ষার্থী, শিক্ষক, অতিথি ও অভিভাবকগণ নিজেদের মতামত তুলে ধরেন।

গণসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই মা সমাবেশের আয়োজন করে। বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, ওয়াচ গ্রুপ ও পিটিএ কমিটির সদস্য এবং মউকের প্রতিনিধিসহ প্রায় ১৫০ জন মা এই সমাবেশে অংশ নেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা, এবং আয়োজনে সার্বিক দায়িত্ব পালন করেন প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ।

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীন বরণ ও এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে বিদ্যালয় প্রাঙ্গনে প্রধান শিক্ষক রুহুল আমিনের সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলার নির্বাহী অফিসার খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম। অনুষ্ঠানের শুরুতে শিক্ষাথীরা আমন্ত্রিত অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেয়।

অনুষ্টানে স্বাগত বক্তব্য দেন সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান। অন্যদের মধ্যে বক্তব্য দেন সহকারী শিক্ষক আবুল হাসান, বশির আহমেদ, হাবিবুর রহমান, রকিবুল ইসলাম, রাফিউল ইসলাম, রুবেল আহমেদ, নারগিস চৌধুরী, সাহিদা বানু, শাহনাজ পারভীন, গাজীউর রহমান ও রোকুনজ্জামান রোকন সহ ফারাহ হোসেন লিটন।

মুজিবনগরে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

“তরুণদের দেশ গড়ার অঙ্গীকার জনসেবায় স্থানীয় সরকার” এই প্রতিপাদ্যে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ মঙ্গলবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ চত্তর থেকে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের হয় র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভায় যোগদান করেন।

উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডলের সভাপতিত্বে, জাতীয় স্থানীয় সরকার দিবসের আলোচনা সভা ও র্যালীতে উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) জাকির হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান, উপজেলা জনসাস্থ্য প্রকৌশল কর্মকর্তা,

মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লালটু মিয়া, উপজেলা সমবায় কর্মকর্তা মাহাবুবুল হক মন্টু, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ফেরদৌস আরা সহ উপজেলার বীর মুক্তিযোদ্ধা, উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারি এবং সকল ইউনিয়ন পরিষদের সচিব, কম্পিউটার অপারেটর, গ্রাম পুলিশের সদস্য ও স্কুলের ছাত্রছাত্রী বৃন্দ।

মেহেরপুরে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

“তরুণদের দেশ গড়ার অঙ্গীকার, জনসভায় স্থানীয় সরকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

জেলা প্রশাসকের আয়োজনে মঙ্গলবার (২৫ ফ্রেব্রুয়ারি) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এর আগে জেলা শিল্পকলা একাডেমী থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসন কার্যালয় প্রাঙ্গণে এসে শেষ হয়।

স্থায়ীয় সরকারের ভারপ্রাপ্ত উপ-পরিচালক মোঃ তরিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ সামিউল হক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ।

এছাড়াও এসময় সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মোসলেম উদ্দিন, জেলা প্রাথমিক অফিসার মোঃ রুহুল আমিন, সরকারি কমিশনার আবির হোসেন, সহকারী কমিশনার তানজিনা শারমিন দৃষ্টিসহ বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ইউনিয়ন আওয়ামী লীগের সম্পাদকসহ গ্রেফতার ৫

গত ২৪ ঘন্টার অপারেশন ডেভিল হান্টে গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তৌহিদ মূর্শেদ অতুলসহ মেহেরপুর জেলায় ৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে গ্রেফতার হয়েছেন সাহারবাটি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্যানেল চেয়ারম্যান তৌহিদ মূর্শেদ অতুল, সদর উপজেলার শিংহাটি গ্রামের আওয়ামী লীগের সভাপতি মানারুল ইসলাম রয়েছেন।

গতকাল সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে ও আজ মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) ভোররাত পর্যন্ত জেলা পুলিশের পৃথক দল পৃথকভাবে অভিযান চালিয়ে তাঁদের গ্রেফতার করেন।

এছাড়া সদর থানা পুলিশ ৩ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে এক আসামি গ্রেফতার হয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই অভিযানে নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম পিপিএম এ তথ্য নিশ্চিত করেছেন।

মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতে নেয়া হবে বলে জানান এসপি।

মেহেরপুরের মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে বিদায় ও নবীন বরণ

মেহেরপুর সদরের মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থীদের বিদায়, নবীন বরণ ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০টায় বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেহেদী রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তারা বলেন, শিক্ষা জীবন সমাজে নিজেকে প্রতিষ্ঠিত করার উপযুক্ত সময়। যারা পরিশ্রম ও মনোযোগ দিয়ে পড়াশোনা করবে, তারা দেশ ও সমাজে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে।

অনুষ্ঠানে এসএসসি পরীক্ষার্থীদের বিদায় জানানো হয় এবং নবাগত ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয়। পরে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক তারিক মুছা, অবসরপ্রাপ্ত শিক্ষক একরামুল হক, আশরাফুজ্জামান, সিরাজুল ইসলাম, সহকারী শিক্ষক ইউনুস আলী, ফারুক হোসেনসহ অন্যান্য শিক্ষক ও অভিভাবকরা।